

‘সফল কারা’ বই প্রকাশ হচ্ছে

আল্ নোমান্ শামীম (পিচ্চি)

সিডনীতে দীর্ঘদিন ধরে যেসকল বাংলাদেশীরা নানা রকম সংগঠনের পদ, পদবী ও একটি বিশেষ পেশায় জড়িত আছেন তাদের জীবনচরিত নিয়ে সম্প্রতি একটি বই প্রকাশ করার পরিকল্পনা আমি নিয়েছি। বইটির নাম দেয়া হবে ‘সফল কারা’। যে সকল ব্যক্তি উক্ত বইতে নিজেদের বায়োডাটা সংযুক্ত করে সমাজে আলোকিত হতে চান তারা অতি সত্তর নীচের ইমেইলে আমার সাথে যোগাযোগ করুন। লেখা ছাপানোর পূর্বশর্তঃ আপনার সম্পর্কে আপনি নিজে লিখে পাঠালে চলবে না। আপনার গুনকীর্তন অন্য কাউকে দিয়ে লিখিয়ে নেবেন। যদি নিজের কথা নিজে লিখেন, তবুও অন্য কারো নাম দিয়ে তা ছাপাতে হবে। সেরকম কাউকে না পাওয়া গেলে অন্তত আপনার গুনকীর্তন আপনার রুমমেট অথবা স্ত্রী কর্তৃক লিখেও আপনি পাঠাতে পারেন, আমরা তা উক্ত বইতে ছাপিয়ে দেব। তবে সেক্ষেত্রে অনুল্লিখিত কিছু ‘সম্মানী’ লাগবে।

অষ্ট্রেলিয়াতে একটি বিশেষ পেশায় জড়িত যে সকল বাংলাদেশীদের সত্যিকারার্থে প্রাতিষ্ঠানিক কোন শিক্ষাগত যোগ্যতা নেই অথচ বিদেশে এসে তারা নানা সংগঠনের সাথে জড়িয়ে নেতা বনেছেন, উক্ত বইতে তাদের অগ্রাধিকার থাকবে বেশী। তবে যে যত বেশী সংগঠনের সাথে জড়িত আছেন এবং যত বেশী সংগঠন গড়েছেন ও ভেঞ্জে রেকর্ড সৃষ্টি করেছেন তাদের নামগুলো যোগ্যতানুসারে বইটির প্রথম অধ্যায়ে ছাপা হবে। তবে সেক্ষেত্রেও কিছু ‘সম্মানী’ দিতে হবে।

আপনার মেধা ও আপনার চেষ্টাকে পূর্জি করেই আমরা উক্ত ‘সফল কারা’ বইটি ছাপাবো, এতে আমাদের কোন শ্রম বা সময় আমরা ব্যয় করবো না। অনেকটা ‘সম্পাদিত’ অথবা ‘সংকলিত’ ধরনের বই হবে এটি যাতে প্রণেতার বা বই প্রকাশকের কোন শ্রম বা মেধা থাকেনা।

আমি এর আগেও ‘এর-ওর’ লেখা ধার নিয়ে নিজের নামে ‘সম্পাদনা’ করে বিনাশ্রমে একটি বই ছাপিয়ে প্রকাশনা জগতে প্রথম আত্মপ্রকাশ করেছিলাম। দ্বিতীয় প্রজেক্ট হিসেবে ‘সফল কারা’ নামক বইটি এবার ছাপিয়ে আমি কমিউনিটিতে আমার নিজের মুখ উজ্জল করবো। উক্ত বইটিতে আমি জামাত-শিবির ছেড়ে কীভাবে আওয়ামী লীগে এসেছি এবং সিডনীতে জামাতের প্রাক্তন নেতা মোজাম্মেল হোসেনের সাথে আমার ঘনিষ্ঠতা এবং অতিতে বিভিন্ন ধর্মীয় সংগঠনের সাথে আমি কীভাবে সম্পৃক্ত ছিলাম সে বিষয়েও আপনাদের কাছে আমি খোলামেলা কিছু লিখবো। ইতিমধ্যে আমার রুমমেট এর নাম দিয়ে সিডনীতে একটি ‘ফট্রিকা’তে ছবি সহ আমি নিজেকে নিজেই সম্বর্ধনা জানিয়ে আমার মুখোজ্জল করেছি। (শুভেচ্ছা জ্ঞাপনকারীর নাম ও ঠিকানা পরখ করে দেখলে বুঝবেন, উনি সাবলেট্ট নিয়ে আমার পরিবারের সাথেই থাকছে।)

‘সফল কারা’ বইটি সম্পাদনার জন্যে আমার কোন যোগ্যতা বা মেধা প্রয়োজন নেই। আমি কারো সম্পর্কে কোন গবেষণা বা বিশ্লেষণ করার প্রয়োজন নেই যার ফলে আমি কারো কাছে জবাবদিহিও নয়। কারন একজন বুক বাইন্ডারের মত আমি বইটিতে আপনাদের লেখাগুলো বাইন্ডিং করবো মাত্র। আপনার স্বলিখিত গুনকীর্তন আমার ‘সম্পাদনা’য় নাম দিয়ে বাজারে ছাড়বো। ‘সফল কারা’ বইটিতে আপনার বায়োডাটা, ছবি ও গুনকীর্তন ছাপানোর জন্যে আজই লোক জোগাড় করুন এবং অতিসত্তর তা আমাদের কাছে পাঠিয়ে দিন। কিছু না থাকলেও অন্তত আপনার এক কপি বায়োডাটা পাঠিয়ে দিন।

প্রচারকঃ আল্ নোমান্ শামীম (পিচ্চি শামীম),

Email # bal.shameem@gmail.com